

শ্রী শ্রী গুরু গৌরাসৌ জয়তঃ

ইস্কন পানিহাটি আয়োজিত

৫০২ তম পানিহাটি চিড়াদধি মহোৎসব

ইস্কন পানিহাটি দ্বারা আয়োজিত পানিহাটি ধামে

৫ দিন ব্যাপি দধি-চিড়া দণ্ড মহোৎসব-২০১৮

তাং- শুক্রবার ২২শে জুন থেকে মঙ্গলবার, ২৬শে জুন, ২০১৮

## অনুষ্ঠান সূচী :

২২শে জুন শুক্রবার :

গঙ্গা পূজা তিথিতে লঞ্চ যোগে গঙ্গা সাফারী পানিহাটি থেকে বাগবাজার গৌড়ীয়মঠ দর্শন।

২৩শে জুন শনিবার :

ফুড ফেস্টিবেল (ভোজন উৎসব) সময় : বিকাল ৫টা রাত ৯ পর্যন্ত

২৪শে জুন রবিবার :

পাণ্ডবা নির্জলা একাদশী তিথিতে বিশেষ শ্রবণ উৎসব (হরিকথা)

২৫ শে জুন সোমবার :

চিড়াদধি দণ্ড মহোৎসব, প্রসাদ বিতরণের সময় : সকাল ৮টা থেকে শুভারম্ভ

২৬শে জুন মঙ্গলবার :

কীর্তন মেলার শুভারম্ভ (হরিনাম সংকীর্তন যজ্ঞ)

বিকাল ৩টে থেকে


আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ

প্রতিষ্ঠাতা-আচার্যঃ শ্রীল এ. সি. ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ

শ্রী শ্রী গৌর নিতাই মন্দির

৩৭, গৌরঙ্গ ঘাট রোড, পানিহাটি, কোলকাতা : ৭০০ ১১৪

যোগাযোগ : ০৩৩-২৫২৩৫৬১৩, ৮১৭০৯২২৫৪৮, ৯৮৩০৪০২৩১৮



## আমন্ত্রণ পত্র

সুখী ভক্তবৃন্দ,

শ্রীশ্রীগৌর নিত্যানন্দের নিত্য লীলাভূমি পানিহাটি গ্রামে প্রতি বৎসরের ন্যায় এবারও সেই ঐতিহাসিক দণ্ডমহোৎসব যা চিড়াদধি মহোৎসব নামে পরিচিত, তা অত্যন্ত মহাসমারোহের সঙ্গে উদ্‌যাপিত হচ্ছে। এই উৎসবের মাধ্যমে শ্রীনিত্যানন্দ প্রভু বৈষ্ণব সেবার মহিমা সম্বন্ধে জগৎবাসীকে শিক্ষা দিয়েছেন, আদি সপ্তগ্রামের জমিদারের পুত্র রঘুনাথের মাধ্যমে।

রঘুনাথ চরম বিলাসিতা ও আতিশয্যের মধ্যে বাস করলেও এই প্রাচুর্যের প্রতি ছিলেন সম্পূর্ণ অনাসক্ত এবং কবে শ্রীশ্রী রাধাকৃষ্ণের মিলিত তনু, স্বয়ং ভগবান শ্রীচৈতন্য মহাপ্রভুর দিব্যসঙ্গ লাভ করবেন, তার জন্য প্রবল বিরহ অনুভব করতেন। বারংবার গৃহত্যাগ করে মহাপ্রভুর সান্নিধ্য লাভের প্রয়াস করলেও তিনি প্রতিবারই ব্যর্থ হন। অবশেষে ৯২৩ বঙ্গাব্দে ১৫১৬ খ্রীষ্টাব্দে জ্যৈষ্ঠ মাসের শুক্লা ত্রয়োদশীতে গঙ্গাতীরে এক বটবৃক্ষতলে স্বয়ং বলরামের অবতার, আদিগুরু, শ্রীনিত্যানন্দ প্রভু রঘুনাথকে 'চোর' সম্বোধন করে এই শিক্ষা প্রদান করেন যে সদগুরুর কৃপা ব্যতীত পরমেশ্বর ভগবানের কৃপা লাভ করা যায় না, এবং রঘুনাথকে দণ্ড স্বরূপ তাঁর ভক্তদের চিড়া-দধি ভোজন করানোর আদেশ দান করেন যা এক মহোৎসবের আকার ধারণ করে। যা আজও অনুরূপভাবে মহাসমারোহের সাথে একই তিথিতে উদ্‌যাপিত হয়ে আসছে।

এই দণ্ডমহোৎসব তলায় শ্রীনিত্যানন্দ প্রভু শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর মাথায় তাঁর শ্রীচরণ যুগল স্থাপন করে সংসার বন্ধন থেকে মুক্তির একমাত্র উপায় স্বরূপ সাধু, গুরু ও বৈষ্ণব সেবার দৃষ্টান্ত স্থাপন করে তাকে কৃপা করে বললেন, “তুমি অতি শীঘ্র পুরীধামে মহাপ্রভুর চরণ সান্নিধ্য লাভ করে স্বরূপ দামোদর গোস্বামীর তত্ত্বাবধানে মহাপ্রভুর সম্ভৃষ্টি বিধান করে তাঁর নিজগণের মধ্যে পরিগণিত হবে।”

শ্রীল প্রভুপাদের বিশেষ কৃপায় ইস্কনের দ্বারা এই ঐতিহাসিক দণ্ডমহোৎসব বিশ্বজুড়ে পালিত হচ্ছে। আপনারাও সবান্নবে এই দিব্য অনুষ্ঠানে উপস্থিত থেকে কায়িক, বাচিক ও আর্থিকভাবে বৈষ্ণব সেবায় অংশগ্রহণ করে পরম করুণাময় শ্রীশ্রীগৌর নিতাইয়ের অসীম কৃপা লাভ করুন।

বিনীত নিবেদক  
ভক্তবৃন্দ  
ইস্কন পানিহাটি